আমার   বেলা যে যায় সাঁঝ-বেলাতে
তোমার  সুরে সুরে সুর মেলাতে ॥
একতারাটির একটি তারে      গানের বেদন বইতে নারে,
তোমার সাথে বারে বারে       হার মেনেছি এই খেলাতে
তোমার  সুরে সুরে সুর মেলাতে ॥
আমার এ তার বাঁধা কাছের সুরে,
ওই বাঁশি যে বাজে দূরে ।
গানের লীলার সেই কিনারে     যোগ দিতে কি সবাই পারে
বিশ্বহৃদয়পারাবারে       রাগরাগিণীর জাল ফেলাতে—
তোমার  সুরে সুরে সুর মেলাতে ?।

---

Parjaay: Puja, Taal: Dadra/Khemta, Raag: Khambaj
Visit www.geetabitan.com for notation and other detail